



Institutional Quality Assurance Cell (IQAC)

QAP/A-008

Shahjalal University of Science and Technology, Sylhet-3114, Bangladesh

Telephone: +880-821-717850, 714479, 713850 Ext- 249

Email: iqac-off@sust.edu, iqac-dir@sust.edu, iqac-ad@sust.edu



তারিখঃ ৭ই মে, ২০১৮

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে ইংরেজি বিভাগের পিয়ার রিভিউ প্রোগ্রাম শুরু হয়েছে। তিন দিনব্যাপী এ প্রোগ্রামে বিশেষজ্ঞগণ ছিলেন প্রফেসর ড.এস জে বি এ জয়াসিকারা (শ্রীলঙ্কা), জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. মুহিত উল আলম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও চট্টগ্রামের সাউদার্ন বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক প্রফেসর ড.এজেএম নুরুদ্দিনচৌধুরী।

সকাল ১১ঘটিকায় শাবির উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সাথে শাবির রিসার্চ সেন্টারের সেমিনার রুমে বিশেষজ্ঞদের সৌজন্য সাক্ষাত হয়। এ সময় আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস, আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ আশরাফুল আলমসহ ইংরেজি বিভাগের সেলফ অ্যাসেসমেন্ট কমিটির প্রধান প্রফেসর ড. মোঃ আতি উল্লাহ, সদস্য প্রফেসর ড. হিমাদ্রি শেখর রায় ও প্রফেসর মোহাম্মাদ আলমগীর তৈমুর উপস্থিত ছিলেন।

এ সময় শাবির উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত কিছু সমস্যা আছে। সমস্যা সমাধানের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আমাদের বিশেষ বাজেটের ব্যবস্থা করেছে। তিনি ইংরেজি বিভাগকে সেশনজট মুক্ত করার ব্যাপারে আহ্বান জানান। তাছাড়া তিনি ইংরেজি বিভাগকে অতি শীঘ্রই ইমপ্রোভমেন্ট প্লান প্রদানের জন্য বলেন এবং এ ব্যাপারে তিনি সকল প্রকার সাহায্যের আশ্বাস দেন।

সৌজন্য সাক্ষাত শেষে আইকিউএসির পক্ষ থেকে উপাচার্য ও বিশেষজ্ঞদের উপহার সামগ্রী প্রদান করা হয়। ইংরেজি বিভাগের পক্ষ থেকে উপাচার্য, আইকিউএসির পরিচালক, আইকিউএসির অতিরিক্ত পরিচালক ও বিশেষজ্ঞদের ক্রেস্ট প্রদান করা হয়।

(প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস)

পরিচালক, আইকিউএসি

শাবিপ্রবি, সিলেট-৩১১৪।